



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ
<http://mohadevpur.naogaon.gov.bd>

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ০৫.৪৩.৬৪৫০.০০০.০৩.০৪২.২২- ২৮

তারিখ : ০৪/০৪/১৪২৯ বঙ্গাব্দ
১৯/০৭/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ৩য় পর্যায়ের ২য় ধাপে ২১ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখে জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ।
সূত্র : আশ্রয়ণ-২ প্রকল্পের স্মারক নং- ০৩.০২.০০০০.৭০১.২৩.৪৮২.২২-৪৯, তারিখ: ১৩ জুলাই, ২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে 'বাংলাদেশের একজন মানুষ ও গৃহহীন থাকবে না' মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২১ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার ৩য় পর্যায়ের ২য় ধাপে উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।

অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণার পরপর মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে স্থানীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারগণ উপকারভোগীদের নিকট ফোন্ডার হস্তান্তর করবেন।

মহাদেবপুর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আগামী ২১ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.০০ টায় গণভবন প্রান্তের সাথে সরাসরি যুক্ত হয়ে বিস্তারিত অনুষ্ঠানটির কার্যক্রমে অংশগ্রহণসহ মুজিববর্ষ উপলক্ষে ৩য় পর্যায়ের (২য় ধাপে) ভূমিহীন ও গৃহহীন পরিবারকে মহাদেবপুর উপজেলার উত্তরগ্রাম ইউনিয়নের উত্তরগ্রাম মৌজায় ২৫টি গৃহহীন ও ভূমিহীন উপকারভোগী পরিবারের মধ্যে জমি ও গৃহ প্রদান কার্যক্রমের আয়োজন করা হবে।

এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর, নওগাঁ
মুঠোফোন : ০১৭৭৪৯১৪৮৪৯
ই-মেইল: unomohadevpur@mopa.gov.bd

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ-০৩।
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান, মহাদেবপুর, নওগাঁ।
- ০৪। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, মহাদেবপুর, নওগাঁ।
- ০৫। উপজেলা অফিসার (সকল), মহাদেবপুর, নওগাঁ।
- ০৬। সদস্য, আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত উপজেলা টাঙ্কফোর্স কমিটি, মহাদেবপুর।
- ০৭। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, মহাদেবপুর, নওগাঁ।
- ০৮। চেয়ারম্যান ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
- ০৯। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, মহাদেবপুর, নওগাঁ।
- ১০। মহাদেবপুর, নওগাঁ।
- ১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মহাদেবপুর উপজেলা। (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)